# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৩৬

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ সূর্য অথবা চন্দ্র গ্রহণ প্রত্যক্ষ করার সময় ইস্তিগফার করা মুস্তাহাব

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمَرْءِ الِاسْتِغْفَارُ لِلَّهِ جَلَّ وَعَلَا عِنْدَ رُؤْيَةِ كُسُوفِ الشَّمْسِ أَوِ الْقَمَرِ

আরবী

2836 ـ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ عَبْدِ الرَّحْمَنِ الْمَسْرُوقِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو أُسَامَةَ عَنْ بُرَيْدٍ عَنْ أَبِي بُرْدَةَ عَنْ أَبِي مُوسَى قَالَ: خَسَفَتِ الشَّمْسُ زَمَنَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَامَ فَزِعًا ثُمَّ قَالَ: (إن هذه الآيات ـ التي يرسل الله ـ لا تَكُونُ لِمَوْتِ أَحَدٍ وَلَا لِحَيَاتِهِ وَلَكِنَّ اللَّهَ يُرْسِلُهَا يُخَوِّفُ بِهَا عِبَادَهُ فَإِذَا رَأَيْتُمْ مِنْهَا شيئاً فافزعوا إلى ذكره واستغفاره)

الراوي : أَبُو مُوسَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2836 | خلاصة حكم المحدث: صحيح ـ ((جزء الكسوف)): م.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (فَافْزَعُوا إِلَى ذِكْرِهِ) يُرِيدُ بِهِ إِلَى صَلَاةِ الْكُسُوفِ لِأَنَّ الصَّلَاةَ تُسَمَّى ذِكْرًا أَوْ فِيهَا ذِكْرُ اللَّهِ فَسَمَّى الصَّلَاةَ ذِكْرًا.

বাংলা

২৮৩৬. আবূ মূসা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সময়ে সূর্য গ্রহণ লাগে। অতঃপর তিনি বলেন, “এসব নিদর্শনগুলি আল্লাহ পাঠান, যা কারো বেঁচে থাকা অথবা মৃত্যুবরণ করার কারণে হয় না। বরং আল্লাহ তা পাঠান তাঁর বান্দাদেরকে সতর্ক করার জন্য। কাজেই যখন তোমরা এর কোন কিছু দেখবে, তখন তোমরা দ্রুত যিকর ও ইস্তিগফারের দিকে ধাবিত হবে।”[1]

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বক্তব্য “তখন তোমরা দ্রুত যিকরের দিকে ধাবিত হবে” এর দ্বারা উদ্দেশ্য হলো সূর্য গ্রহণের সালাতের দিকে। কেননা সালাতকে যিকর অভিহিত করা হয়, অথবা সালাতের মাঝে যিকর রয়েছে, এজন্য সালাতকে যিকির বলা হয়েছে।”

## ফুটনোট

[1] সহীহুল বুখারী: ১০৫৯; সহীহ মুসলিম: ৯১২; নাসাঈ: ৩/১৫৩-১৫৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১৩৭১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (জুযউল কুসূফ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ মূসা আল- আশ'আরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92166

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন